সমকাল

তারিখ . . . 06 MAR 2016 . . .
পৃষ্ঠা . . . কলাম . . .

# সড়ক দুর্ঘটনায় ঢাবি শিক্ষার্থীসহ তিনজন নিহত

■ সমকাল ডেস্ক

মাদারীপুরে সড়ক দুর্ঘটনায় তিনজন নিহত হয়েছেন। এদিকে নোয়াখালীর সোনাইমুড়ীতে একজনের মৃত্যু হয়েছে। প্রতিনিধিদের পাঠানো খবর :

**মাদারীপুর** : সদর উপজেলার কলাবাড়ি নামক স্থানে ঢাকা-বরিশাল মহাসড়কে বাসের সঙ্গে নসিমনের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। এ সময় ঢাকা-বরিশাল মহাসড়ক প্রায় দেড় ঘণ্টা যান চলাচল বন্ধ ছিল। শনিবার বরিশালগামী ওই বাসের সঙ্গে রাজৈরগামী মাহিন্দ্রর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। নিহতরা হলেন রাজৈর উপজেলার মোল্লাকান্দি গ্রামের মেরাজুল বেপারী, সদর উপজেলার কেন্দুয়া এলাকার লুৎফর রহমান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শরীফুল ইসলাম। নিহত লুৎফর কেন্দুয়া ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ নম্বর ওয়ার্ডেও মেম্বার প্রার্থী ছিলেন। এ ঘটনায় সাতক্ষীরা জেলার সোনাগাজী নামে এক ব্যক্তি আহত হন। তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

**নোয়াখালী** : সোনাইমুড়ী উপজেলায় যাত্রীবাহী বাসচাপায় আবুল কালাম নামের এক সরকারি কর্মকর্তা নিহত হয়েছেন। শনিবার সোনাইমুড়ী উপজেলা গেটে এ দুর্ঘটনা ঘটে।